জুয়া খেলার স্থানগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা
COVID-19 জনস্বাস্থ্য সঙ্কটের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনার এই নথিটি পড়া হয়ে গেলে, আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

04 সেপ্টেম্বর 2020 তারিখের হিসেবে

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, গেমিং ফ্যাসিলিটিগুলির জন্য এই অভ্যন্তরীণ নির্দেশিকাটি ("গেমিং ফ্যাসিলিটিগুলির জন্য অভ্যন্তরীণ COVID-19 নির্দেশিকা")("Interim COVID-19 Guidance for Gaming Facilities") গেমিং ফ্যাসিলিটিগুলির মালিক/পরিচালক এবং তাদের কর্মচারী, ঠিকাদার, বিক্রেতা, এবং গ্রাহকদের COVID-19 এর বিস্তার প্রতিরোধ করতে সহায়তা করার সতর্কতাগুলি প্রদান করার জন্য তৈরি করা হয়েছে।

এই নির্দেশিকা বুধবার, 9ই সেপ্টেম্বর, 2020 তারিখে কার্যকর হবে, নিউ ইয়র্কে রাজ্য কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত গেমিং ফ্যাসিলিটিগুলির জন্য (উদাহরণস্বরুপ, বাণিজ্যিক ক্যাসিনো এবং ভিডিও লটারি গেমিং ফ্যাসিলিটিগুলি), যে সময়ে, এই ধরনের ফ্যাসিলিটিগুলি এখানে থাকা প্রয়োজনীয়তা অনুযায়ী পুনরায় খুলতে পারে। এই রাজ্য কর্তৃক জারি করা নির্দেশিকা মেনে চলা নিশ্চিত করার জন্য গেমিং ফ্যাসিলিটিগুলিতে অবশ্যই পর্যাপ্ত কর্মী থাকতে হবে। এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকাটি পরিবর্তন হতে পারে কারণ নিউ ইয়র্ক রাজ্য গেমিং কমিশন এই নির্দেশিকার সাথে গেমিং ফ্যাসিলিটিগুলির মালিক/পরিচালকদের নিরীক্ষণ এবং সম্মতি প্রয়োগের এবং গেমিং ফ্যাসিলিটিগুলি পুনরায় খোলার সাথে জড়িত জনস্বাস্থ্যের পরিস্থিতি মূল্যায়নের জন্য পুনরায় খোলার সময় স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, COVID-19 সংক্রমণে যে কোনো পরিবর্তন সহ। যেখানে এই নির্দেশিকাগুলি কমিশনের লাইসেন্সের শর্তাবলী, বা কমিশন-অনুমোদিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার সাথে দ্বন্দ্ব করতে পারে, সেখানে এই নির্দেশিকাটিকে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে।

এই সময়ে গেমিং ফ্লোরে খাদ্য এবং পানীয় পরিষেবা নিষিদ্ধ। যেকোনো গেমিং ফ্যাসিলিটির ভিতরে রেস্টুরেন্ট এবং অন্যান্য খাদ্য পরিষেবাগুলি, যেগুলি গেমিং ফ্লোরে অবস্থিত নয়, তাদের অবশ্যই স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH)-এর "COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় খাদ্য পরিষেবাগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) অনুসরন করতে হবে; তবে শর্ত থাকে, যে, এই নির্দেশিকা জারি করার সময় নিউ ইয়র্ক শহরে **অভ্যন্তরীণ খাদ্য পরিষেবা নিষিদ্ধ করা হয়**। এছাড়াও গেমিং ফ্যাসিলিটিগুলিতে বিভিন্ন রকমের কার্যক্রম জড়িত থাকে এবং তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health) দ্বারা প্রদত্ত প্রাসঙ্গিক শিল্প-নির্দিষ্ট নির্দেশিকা উল্লেখ করা উচিত, এবং যেটি নিউ ইয়র্ক ফরওয়ার্ড ওয়েবসাইটে তাদের প্রযোজ্য কার্যক্রমের জন্য উপলব্ধ রয়েছে। যেকোনো গেমিং ফ্যাসিলিটির মধ্যে থাকা খুচরা অথবা উপহারের দোকানগুলোকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (DOH) দ্বারা বর্ণিত "COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় অত্যাবশ্যক এবং পর্যায় II খুচরা ব্যবসায়িক কার্যকলাপের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Essential and Phase II Retail Business Activities during the COVID-19 Public Health Emergency) মেনে চলতে হবে। অফিস ভিত্তিক কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 গণস্বাস্থ্য জরুরি পরিস্থিতিতে অফিস-ভিত্তিক কাজের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Office-Based Work during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। যেকোনো গেমিং ফ্যাসিলিটিতে অবস্থিত জিম এবং ফিটনেস সেন্টারগুলিকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (Department of Health) দ্বারা বর্ণিত "COVID-19 জণস্বাস্থ্যের জরুরী অবস্থা চলাকালীন সময় জিম বা ফিটনেস সেন্টারগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Gyms and Fitness Centers during the COVID-19 Public Health Emergency)-এর নির্দেশিকা অনুসরণ করতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই নির্দেশিকা ফ্যাসিলিটি প্রাঙ্গণে অন্যান্য ধরনের নন-গেমিং ক্রিয়াকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য

নয়, যার মধ্যে অন্তর্ভুক্ত বাসস্থান এবং সম্পাদনার স্থান কিন্তু তাতে সীমাবদ্ধ নয়, যাদের অবশ্যই বর্তমান এবং আসন্ন রাজ্য কর্তৃক জারি করা নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করতে হবে। **রাজ্য কর্তৃক জারি করা লাইসেন্সপ্রাপ্ত গেমিং ফ্যাসিলিটিগুলিতে লাইভ পারফরম্যান্স অনুমোদিত নয় যতক্ষণ না পারফর্মিং আর্টের জন্য রাজ্য কর্তৃক জারি করা নির্দেশিকা প্রচারিত হয়।**

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং গেমিং ফ্যাসিলিটির মালিক/পরিচালক অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অভ্যাসের উপর ভিত্তি করা, এবং যে নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তিত হতে পারে এবং পরিবর্তিত হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণ – নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – মল অপারেশন সম্পর্কিত সকল স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতা মেনে চলার জন্য দায়বদ্ধ। এছাড়াও দায়বদ্ধ পক্ষগুলি এই প্রয়োজনীয়তার যে কোনো আপডেটের সাথে বর্তমান থাকার জন্য দায়ী, সেই সাথে যে কোনো জুয়া খেলার কার্যক্রম এবং/অথবা সাইট নিরাপত্তার পরিকল্পনায় এগুলি অন্তর্ভুক্ত করার জন্যও দায়ী।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে অফিস মধ্যস্থ কর্মীদের কাজকর্ম বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা সনির্বন্ধ অনুরোধ জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহণ করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করার সময়, দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসা অপারেটর/মালিকদের মুখ না ঢেকে বা মুখের আবরণ বা মাস্কের প্রয়োজনীয়তা না মেনে চলা ব্যক্তিবর্গদের প্রবেশ না করতে দেওয়া অনুমোদন করে।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা

করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 জুন 2020, গভর্নর কুওমো ঘোষণা করেন যে 12 জুন 2020 তারিখে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে পুনরায় খোলার তৃতীয় পর্যায় আরম্ভ হবে। 24 জুন, 2020 তারিখে গভর্নর কুয়োমো ঘোষণা করেন যে স্টেটের বেশ কয়েকটি অঞ্চল 26 জুন, 2020 থেকে পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে প্রবেশ করতে যাচ্ছে। জুলাই 20, 2020 নাগাদ, নিউ ইয়র্ক সিটি সহ নিউ ইয়র্কের সব অঞ্চল, স্টেটের পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে পৌঁছেছে।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, ব্যবসাগুলিকেঅবশ্যই স্বাস্থ্য বিভাগ (DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়িত্বশীল জুয়া খেলার স্থানের পরিচালনার মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি স্টেটের ন্যূনতম মানদণ্ড পূরণ না করে কোনো জুয়া খেলার কার্যকলাপ পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা রাজ্যের মান COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় পরিচালিত জুয়া খেলার ক্রিয়াকলাপের ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না রাজ্য কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। গেমিং ফ্যাসিলিটির মালিক/পরিচালক, বা গেমিং ফ্যাসিলিটির মালিক/পরিচালক দ্বারা নিয়োজিত অন্য কোনো পক্ষ (উভয় ক্ষেত্রেই, "দায়বদ্ধ পক্ষগণ") এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

এই নির্দেশিকার উদ্দেশ্যে, "কর্মীদের" মধ্যে সেই সকল ঠিকাদার এবং বিক্রেতারা অন্তর্ভুক্ত যারা একটি গেমিং ফ্যাসিলিটিতে কাজ করেন।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণী ঘিরে গড়ে উঠেছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে একটি স্থানের জন্য কর্মী এবং গ্রাহকদের উপস্থিতি দখল শংসাপত্র দ্বারা নির্ধারিত সর্বোচ্চ দখলদারিত্বের 25% পর্যন্ত সীমাবদ্ধ থাকে, সকল কর্মী এবং গ্রাহক সহ, যাদের কেবলমাত্র তখনই গেমিং ফ্যাসিলিটিতে প্রবেশ করার অনুমতি দেওয়া যাবে যদি তারা একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরেন এবং সব সময় একটি মুখের আবরণ পরে থাকেন, প্রবেশের সময় বয়স যাচাই করার সময় ছাড়া, যদি সেই গ্রাহক চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হয়।

- যেহেতু মুখের আবরণ নিরাপত্তা, সম্মতি এবং বয়স যাচাই এর ক্ষেত্রে ঝুঁকি থেকে যেতে পারে, সকল গ্রাহকদের একটি গেমিং ফ্যাসিলিটিতে প্রবেশ করার পর তাদের মুখের আবরণ নিচু করতে হতে পারে যাতে ফ্যাসিলিটি এবং/অথবা যেকোনো কর্মচারী সেই ব্যক্তির পরিচয় যাচাই করতে পারেন এবং প্রয়োজনে একটি সঠিক পদ্ধতির সাথে তুলনা করতে পারেন। এই সময়ে পৃষ্ঠপোষককে অবশ্যই অন্যান্য সকল ব্যক্তিদের থেকে অন্তত ছয় ফুটের ব্যবধানে থাকতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে একই পক্ষ বা পরিবারের সদস্য এমন গ্রাহক ব্যতীত, কর্মচারী এবং গ্রাহক সহ সকল ব্যক্তিদের মধ্যে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা হয়, সব সময়, যদি না নিরাপত্তা বা মূল কার্যকলাপের জন্য স্বল্প দূরত্বের প্রয়োজন হয় (উদাহরণস্বরূপ, খাঁচার ক্রিয়াকলাপ, সরঞ্জাম সরানো)।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই এটি নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং গ্রাহক সহ সকল ব্যক্তি সর্বদা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন; যদি তারা চিকিৎসাগতভাবে এই ধরণের আবরণ সহ্য করতে সক্ষম হন।
    - COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখ আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, কাপড়-ভিত্তিক মুখের আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।
    - যদিও, যেসব ক্ষেত্রে সাধারণত কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল, বা অন্যান্য উপকরণে তৈরি মুখ আবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। সেই সমস্ত কার্যকলাপের জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।
    - ফেডারেল ADA এবং নিউ ইয়র্ক স্টেট এবং সিটির মানবাধিকার আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে মুখাবরণ পরার প্রয়োজনীয়তা প্রয়োগ করতে হবে, যেমনটা প্রযোজ্য।

- দায়বদ্ধ পক্ষগণ কাজের এলাকা ও কর্মীর বসার এলাকার সংখ্যা ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে ব্যক্তিবর্গ সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশাপাশি এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়) বজায় রাখতে পারেন এবং ব্যবহারের মাঝে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে তাদের জায়গাগুলি শেয়ার না করেন। যখন ওয়ার্কস্টেশনের মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগুলিকে সেই সব এলাকায় শারীরিক প্রতিবন্ধকতা (যেমন প্লাস্টিক শিল্ডিংয়ের দেওয়াল) স্থাপন করতে হবে, যেখানে সেগুলি বাতাসের প্রবাহ, উত্তাপ, শীতলীকরণ অথবা বায়ু চলাচল প্রভাবিত করবে না বা কোনো স্বাস্থ্য বা সুরক্ষার ঝুঁকি উপস্থাপন করবে না (যেমন, জরুরি প্রস্থানে বিপত্তি)।
    - দায়বদ্ধ পক্ষগুলির গ্রাহক এবং খাঁচার পরিচালকদের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
        - যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশিকা অনুযায়ী শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য বাধা স্থাপন করা উচিত।
    - বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত হয়ে পারে ফালি করে কাটা পর্দা, কিউবিকল, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের পরিষ্কার করা যায় এমন উপকরণ, বা অন্যান্য দুর্ভেদ্য বিভাজক বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত একই সময়ে একাধিক ব্যক্তির দ্বারা ছোট জায়গা (যেমন, এলিভেটর, স্টাফ রুম, ক্যাশ রেজিস্টারের পিছনে) ব্যবহার করা নিষিদ্ধ করা। তবে, ব্যবহারকারীদের সংখ্যা সেই জায়গার বা যানের সর্বাধিক ক্ষমতার 25% এর বেশি অতিক্রম করতে পারবে না, যদি না সেটি কেবল একজনের ব্যবহারের জন্য পরিকল্পিত থাকে। দায়বদ্ধ পক্ষগণকে নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি যতটা সম্ভব বাইরের বাতাসের সাথে ভেন্টিলেশন বাড়ানো যায় তার বন্দোবস্ত করতে হবে (যেমন জানলা এবং দরজা খুলে রাখা)। দায়বদ্ধ পক্ষের উচিত লিফটের অপেক্ষার এলাকায় জন সমাবেশ রোধ করতে এবং লিফটে মানুষের ভিড় সীমিত করার জন্য অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা, যেমন সিঁড়ির ব্যবহার সক্রিয় করা।

- দায়বদ্ধ পক্ষগুলির যেকোনো সার্বজনীন অভ্যন্তরীণ বা বহিরঙ্গন বসার এলাকা বন্ধ করার কথা বিবেচনা করা উচিত। এই ধরনের জায়গা খোলা থাকলে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই বসার জায়গায় পরিবর্তন করতে হবে (যেমন, চেয়ার, টেবিল) যাতে ব্যক্তি বা গ্রাহকদের দল সব দিক থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে থাকে তা নিশ্চিত করা যায় (উদাহরণস্বরূপ, এক পাশ থেকে অন্য পাশে এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়)।
- ক্রীড়ায় বাজি খেলার কাউন্টারের জন্য, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রাহকদের সারিবদ্ধ করার জন্য কমপক্ষে ছয় ফুট দূরত্ব চিহ্নিত করতে হবে, এবং দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহক এবং কাউন্টার অ্যাটেনডেন্টদের মধ্যে অবশ্যই একটি প্রতিবন্ধকতা (উদাহরণস্বরূপ, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপাদান) স্থাপন করতে হবে, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (OSHA) নির্দেশিকা অনুযায়ী। ব্যক্তিদের মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখার জন্য প্রয়োজন হিসাবে জানালাগুলি বন্ধ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সক্রিয় স্লট মেশিন এবং অন্যান্য গেম মেশিনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে, যার মধ্যে ক্রীড়ায় বাজি খেলার কিয়স্ক অন্তর্ভুক্ত, এবং গ্রাহকদের মধ্যে অন্তত ছয় ফুট দূরত্ব রাখার ব্যবস্থা, অথবা, অন্যথায়, এই ধরনের মেশিনগুলির মাঝে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে হবে। দূরত্ব মেশিনগুলি শারীরিকভাবে সরানোর মাধ্যমে অথবা যেখানে প্রয়োজন, মেশিন নিষ্ক্রিয় করার মাধ্যমে প্রয়োগ করা যেতে পারে।
  - দায়বদ্ধ পক্ষগুলি একটি উপযুক্ত বিকল্প হিসাবে স্লট মেশিনগুলির মধ্যবর্তি স্থানে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (OSHA) নির্দেশিকা অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে পারে।
- টেবিল গেমের একক-খেলোয়াড়ের ইলেকট্রনিক সংস্করণ (উদাহরণস্বরূপ, ইলেকট্রনিক রুলেট, ভিডিও পোকার), অনুমোদিত, যদি সব দিক থেকে গ্রাহকদের মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখা যায়, অথবা গ্রাহকদের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা হয়, এবং সমস্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকল অনুসরণ করা হয়।
- টেবিল গেমগুলি (উদাহরণস্বরূপ, পোকার, ক্র্যাপ্স, ব্ল্যাকজ্যাক) অনুমোদিত, যদি দায়বদ্ধ পক্ষগুলি নিম্নলিখিত প্রোটোকল, এবং এই নির্দেশিকায় প্রদত্ত অন্যান্য প্রযোজ্য প্রয়োজনীয়তা মেনে চলতে পারে:
  - টেবিলগুলো অবশ্যই একে অপরের থেকে ন্যূনতম ছয় ফুট দূরত্বে থাকতে হবে, এবং এমন ভাবে রাখতে হবে যাতে সংলগ্ন টেবিলে গ্রাহকদের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা যায়;
  - একটি একক টেবিলের গ্রহকদের অবশ্যই শারীরিক প্রতিবন্ধকতা (উদাহরণস্বরূপ, প্লেক্সিগ্লাস) দ্বারা টেবিলের অন্যান্য গ্রাহকদের থেকে আলাদা করতে হবে যা নিউ ইয়র্ক রাজ্য গেমিং কমিশন (New York State Gaming Commission) দ্বারা অনুমোদিত;
    - ব্যবহারিক হিসেবে, সামাজিক দূরত্ব এবং শারীরিক প্রতিবন্ধকতা স্থাপনের সুবিধার্থে টেবিল থেকে অবস্থান বা চেয়ার সরানো যেতে পারে, কিন্তু তখনও প্রতিবন্ধকতা প্রয়োজনীয়।
  - চেয়ার ছাড়া খেলার জন্য (উদাহরণস্বরূপ, ক্র্যাপ্স), টেবিলের বাইরে চারিদিকে ছয় ফুটের ব্যবধান চিহ্নিত করতে হবে যাতে সামাজিক দূরত্ব বজায় রেখে টেবিলে আসা যায় এবং টেবিল থেকে যাওয়া যায়, এবং গ্রাহকদের একে অপরের থেকে আলাদা করতে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে হবে;
    - টেবিলে বা তার আশেপাশে খেলছেন না এমন গ্রাহক/দর্শকদের সমাবেশ এই মুহূর্তে অনুমোদিত নয়। তবে, একই পক্ষের সদস্যরা খেলোয়াড়ের পাশে দাঁড়াতে পারেন যদি এই প্রতিবন্ধকতা একই পক্ষের নয় এমন অন্য কোনো খেলোয়াড় থেকে যারা খেলছেন না তাদের আলাদা করে রাখে।
  - নিরাপত্তা কর্মী, ডিলার এবং অন্যান্য কর্মচারীদের অবশ্যই গ্রাহকদের মধ্যে সামাজিক দূরত্ব প্রয়োগ করতে হবে এবং যখন কোনো সমাবেশ গঠন হবে তখন সেটি বিঘ্নিত করতে হবে;
    - যদি কোনো সমাবেশ গঠিত হয়, অথবা অংশগ্রহণকারীরা যদি সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা মেনে না চলেন তাহলে ডিলারদের অবিলম্বে নিরাপত্তা কর্মীদের জানাতে হবে (উদাহরণস্বরূপ, গ্রাহক একটি প্রতিবন্ধকতার পিছনে অন্য গ্রাহকের জায়গায় অনুপ্রবেশ করেন)।

WEAR A MASK. GET TESTED. SAVE LIVES.

- ছয় ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব হলেও ডিলার এবং গ্রাহকদের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে হবে;
- ডিলারদের অবশ্যই মৌখিকভাবে খেলায় প্রতিস্থাপন করতে হবে এবং "ট্যাপ ইন" করার পরিবর্তে অন্যান্য ডিলারদের বিরতি দিতে হবে; এবং
- যেখানেই সম্ভব, খেলাগুলি অবশ্যই এমনভাবে পুনরায় কনফিগার করতে হবে যাতে গ্রাহকদের কার্ড স্পর্শ করার সংখ্যা ন্যূনতম করা যায় (উদাহরণস্বরূপ, ব্ল্যাকজ্যাকে "ফেস-আপ" ডিলিং ব্যবহার করে), এবং কখনই গ্রাহকদের অন্য গ্রাহকের কার্ড স্পর্শ করার অনুমতি দেওয়া উচিত নয়।

- দায়বদ্ধ পক্ষগুলিকে সারা ফ্যাসিলিটি জুড়ে চিহ্ন লাগাতে হবে, যা DOH এর COVID-19 চিহ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মক্ষেত্র বা পরিবেশের উপর ভিত্তি করে নিজস্বকৃত সাইন তৈরি করতে পারেন, এই শর্তে যে এই ধরনের সাইনগুলি ডিপার্টমেন্টের সাইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
  - তারা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকা।
  - সব সময় একটি মুখের আবরণ দিয়ে নাক ও মুখ ঢেকে রাখুন।
  - যদি তারা সম্প্রতি COVID-19 এর উল্লেখযোগ্য কমিউনিটি সংক্রমণ রয়েছে এমন একটি স্টেটে গিয়ে থাকে, তাহলে DOH এর ভ্রমণ নির্দেশিকা অনুসারে কোয়ারেন্টিন করতে হবে।
  - PPE সঠিকভাবে রাখুন এবং যখন প্রয়োজন, তা বাতিল করুন।
  - সামাজিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলুন।
  - COVID-19 এর উপসর্গ বা সংস্পর্শ সম্পর্কে জানানো, এবং কিভাবে তাদের এটি করা উচিত।
  - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করা।
  - শ্বাস-প্রশ্বাসের যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশবার শিষ্টাচার মেনে চলা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যতটা সম্ভব সশরীরে কর্মী সমাবেশ সীমিত করতে হবে (যেমন কর্মচারীদের সভা, ব্রেক রুমে, স্টক রুম) এবং, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকর্তাদের জন্য করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর জন্য পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করার কথা বিবেচনা করতে হবে। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়বদ্ধ পক্ষগুলিকে খোলা, ভালভাবে বায়ু চলাচল করে এমন স্থানে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তিগণ একে অপরের সাথে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখেন (যেমন চেয়ারের মাঝে জায়গা ছেড়ে দেওয়া, ব্যক্তিবর্গকে একটা চেয়ার ছেড়ে পরে চেয়ারে বসানো)।

- দায়বদ্ধ পক্ষগণকে লোকজনের উপস্থিতি সীমিত করে অথবা অত্যাবশ্যক নয় এমন সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকা যা যথাযথ সামাজিক দূরত্ব পালনের সুযোগ দেয় না তা বন্ধ করে সামাজিক দূরত্ব পালনকে উৎসাহিত করতে হবে। যদি খোলা থাকে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ধরনের সুবিধার কাছাকাছি সরঞ্জামের পাশে হ্যান্ড স্যানিটাইজার বা জীবাণুনাশক ওয়াইপ সরবরাহ করতে হবে (উদাহরণস্বরূপ, ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি মেশিন)।

- দায়বদ্ধ পক্ষকে ছোট এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুমে পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য সাইন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে নির্দেশ করা চিহ্ন) ব্যবহার করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলি সাম্প্রদায়িক বাথরুমের জন্য সর্বোত্তম অনুশীলন বাস্তবায়ন করতে পারেন, যার মধ্যে রয়েছে, কিন্তু তাতে সীমিত নয়:
  - যদি ছয় ফুট ব্যবধান রাখা সম্ভব না হলে, টয়লেট, সিঙ্ক এবং সাবান/কাগজের তোয়ালের ডিস্পেন্সারের মধ্যে বস্তুগত বাঁধা স্থাপন করা; এবং
  - হেয়ার ড্রায়ারের পরিবর্তে স্পর্শবিহীন কাগজের তোয়ালের ডিস্পেন্সার ব্যবহার করা;

- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ তাদের কর্মীদের যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার উদ্দেশ্যে (যেমন কফি পানের বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) সময়সূচী আগু-পিছু করা।

- গেমিং ফ্যাসিলিটির গেমিং এলাকা থেকে আলাদা স্থানে করা যেকোনো সামাজিক সমাবেশ (উদাহরণস্বরূপ, ইভেন্ট রুম বা বলরুমে পার্টি) রাজ্যের সামাজিক সমাবেশ সীমা, যা এই নির্দেশিকা জারি করা হিসাবে 50 বা তার কম সংখ্যক মানুষ, অথবা সেই স্থানের জন্য সর্বোচ্চ দখলের 25% এর মধ্যে সীমাবদ্ধ, যেটি কম হবে।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষদের পারস্পরিক সংযোগ এবং জনসমাগম কমাতে হবে নিম্নলিখিত পদ্ধতিগুলির মাধ্যমে:
  - সাইটে শুধুমাত্র প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যেই সশরীরে উপস্থিতি সীমিত করা;
  - কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মীবল হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের বিভিন্ন সময়);
  - যেখানে সম্ভব, ক্রিয়াকলাপগুলি ব্যাচ হিসেবে সম্পন্ন করুন যাতে কর্মীরা সামাজিক দূরত্ব মেনে চলতে পারে; এবং/অথবা
  - টেলিফোন, কপিয়ার, প্রিন্টার, রেজিস্টার ইত্যাদি সাধারণ অফিস সরঞ্জামের নিরাপদ ব্যবহারের জন্য প্রোটোকল তৈরি করা

- উন্নত পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ পদ্ধতিগুলি কার্যকর করতে প্রয়োজন অনুযায়ী পরিচালনার সময়ের সামঞ্জস্যসাধন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলো দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন এই ফ্যাসিলিটি পরিচালনা করতে পারে, কিন্তু তাদের নিশ্চিত করতে হবে যে গেমিং ফ্যাসিলিটির সকল এলাকা এবং সরঞ্জাম যেন দিনে অন্তত একবার সম্পূর্ণভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়, এবং উচ্চ-স্পর্শ করা এলাকা এবং সরঞ্জাম আরো ঘন ঘন সম্পূর্ণভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়, এবং তা যেন নীচে বর্ণিত মান অনুযায়ী করা হয়।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগুলিকে সর্বোচ্চ ধারণক্ষমতা এবং সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা মেনে চলা নিশ্চিত করতে গেমিং ফ্যাসিলিটির ভিতরে প্রবেশ করা গ্রাহক এবং কর্মীদের প্রবাহ কঠোরভাবে পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করতে হবে

WEAR A MASK. GET TESTED. SAVE LIVES.

- ট্র্যাফিকের প্রবাহ মনিটর করতে এবং গ্রুপগুলির সামাজিক সমাবেশের সীমাবদ্ধতা মেনে চলা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী বজায় রাখতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণে অবশ্যই এক সাথে জমায়েত হওয়া বা উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা করা বন্ধ করতে অতিরিক্ত কর্মচারী নিয়োগ করা সহ, পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী বজায় রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগলিকে করিডর এবং হলের রাস্তায় তীরচিহ্ন যুক্ত টেপ বা প্রতীক ব্যবহার করে দ্বি-মুখী পায়ে চলাচল কমাতে এবং সমস্ত সাধারণ ব্যবহৃত এলাকাগুলি এবং সাধারণত লাইন তৈরি হতে পারে অথবা লোক জমায়েত হতে পারে এমন কোনো এলাকায় (যেমন ক্যাসিনো খাঁচা, এলিভেটরের প্রবেশদ্বার, গেমিং ফ্যাসিলিটির প্রবেশদ্বার এবং প্রস্থান, ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য স্ক্রিনিংয়ের স্টেশন) ছয় ফুট দূরত্ব বজায় রাখার সাইনেজ এবং দূরত্বের মার্কার দিয়ে উপযুক্ত ব্যবস্থাপনা নিতে হবে।
  - যেখানেই সম্ভব সেখানে, একমুখী ট্র্যাফিকের প্রবাহ উৎসাহিত করতে মার্কার অথবা বাঁধা স্থাপন করুন।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সাধারণ ঘনবসতিপূর্ণ এলাকাগুলিতে ছয় ফুটের ব্যবধানের জন্য এলাকা চিহ্নিত করতে হবে (উদাহরণস্বরূপ, লবি, রেস্টরুম, ক্যাসিনো কেজের সারিতে সাধারণ বসার জায়গাগুলি)।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির পরিষ্কারভাবে পৃথক প্রবেশদ্বার এবং প্রস্থান পথ নির্দিষ্ট করা উচিত।

- দায়বদ্ধ পক্ষকে পৃষ্ঠপোষকদের জন্য প্রতিষ্ঠানের বাইরে শারীরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ করে দাঁড় করানোর ব্যবস্থা রাখতে হবে, যার মধ্যে চাক্ষুষ ইঙ্গিত এবং/অথবা সারি নিয়ন্ত্রণ যন্ত্র (যেমন স্টানশন, লাইনের দূরত্ব মার্কার, তীর চিহ্ন)ইত্যাদি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষের উচিৎ অন্যান্য পৃষ্ঠপোষকদের মধ্যে সামাজিক দূরত্ব বৃদ্ধি করার জন্য জনগণের ওয়েটিং এলাকার ব্যবস্থা করা (যেমন লাইন, পার্কিং এলাকা) এবং এলাকার অন্যদের সাথে যোগাযোগ কমানোর ব্যবস্থা করা।

- দায়বদ্ধ পক্ষের অন-সাইট আলাপচারিতা সীমিত করা উচিত (উদাহরণস্বরূপ, যে সমস্ত ব্যক্তি গেমিং ফেসিলিটি থেকে চলে যাচ্ছেন এবং যারা প্রবেশ করছেন তাদের জন্য পৃথক প্রস্থান এবং প্রবেশদ্বারের ব্যবস্থা রাখা) এবং চলাচল সীমিত করা উচিৎ (যেমন কর্মীদের উচিৎ নিজেদের ওয়ার্কস্টেশনের কাছে যথাসম্ভব থাকা)।
  - যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিত (1) সাইটে বা ভবনে ট্রাফিক প্রবাহ পরিচালনা করার জন্য প্রবেশদ্বারের সংখ্যা সীমিত করা এবং দখল/ধারণক্ষমতার সীমা পর্যবেক্ষণ করা এবং (2) অগ্নি নিরাপত্তা এবং অন্যান্য প্রযোজ্য নিয়মকানুন মেনে চলা নিশ্চিত করে নিচে বর্ণীত অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষার সুবিধা প্রদান করা।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই স্ক্রিনিংয়ের জন্য গেমিং ফ্যাসিলিটির ভেতরে বা বাইরে সারি দিয়ে দাঁড়িয়ে থাকা অবস্থায় ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে একটি পরিকল্পনা তৈরি করতে হবে, যেমন প্রযোজ্য।

- দায়বদ্ধ পক্ষগুলিকে যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য এলাকা নির্দিষ্ট করতে হবে।

- পণ্য ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষদের স্পর্শ না করে একটি ডেলিভারি ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে, যেখানে ডেলিভারি করার সময় ড্রাইভার গাড়িতে বসে থাকেন অথবা যেখানে সম্ভব নয় সেখানে, দায়বদ্ধ পক্ষরা প্রত্যাশিত কার্যকলাপের উপযুক্ত গ্রহণযোগ্য PPE প্রদান করবে যার মধ্যে ন্যূনতমভাবে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন সময়ের জন্য বিনামূল্যে ডেলিভারির সাথে জড়িত ব্যক্তির জন্য একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত থাকে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে পণ্যের একটি লোড স্থানান্তর (যেমন একজন ডেলিভারি ড্রাইভার থেকে) করার আগে এবং পরে অবশ্যই কর্মীদের কর্তৃক হাত জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে (যেমন পণ্য লোড করতে শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়ে গেলে, তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত যখন উপলব্ধ হবে, তখন স্পর্শ না করে পেমেন্টের বিকল্পগুলি অথবা আগে থেকে অর্থ পরিশোধ করার বিকল্পগুলির ব্যবহারকে উৎসাহিত করার। দায়বদ্ধ পক্ষদের উচিত নগদ টাকা, ক্রেডিট কার্ড, মেম্বারশিপ কার্ড এবং মোবাইল ডিভাইস পরিচালনা করা সীমিত করা, যেখানে সম্ভব।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই:
  - যেখানে ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না এমন কোন বসার জায়গা অথবা মেশিনগুলি পৃথক করুন;
  - গেমিংয়ের ফ্লোরে যে কোন খাদ্য এবং পানীয় বস্তুর সেবাসমূহ বন্ধ করুন; এবং
  - প্রয়োজন অনুযায়ী সর্বাধিক দখলদারিত্ব এবং জনসমাবেশের আকারের সীমাবদ্ধতাগুলি প্রয়োগ করার জন্য কর্মচারী অথবা নিরাপত্তা উপস্থিতি উন্নত করুন।

II. জায়গা

A. এয়ার হ্যান্ডলিং এবং বিল্ডিং সিস্টেম

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যে ন্যূনতম MERV-13, অথবা শিল্পের সমতুল্য বা তার চেয়ে বৃহত্তরে (উদাহরণস্বরূপ, HEPA) HVAC সিস্টেম ফিল্টারেশন স্থাপন করা বর্তমানে ইনস্টল করা ফিল্টার র‍্যাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ ফিল্টারেশনের সর্বাধিক রেট পূরণ করে, যেমন প্রযোজ্য এবং একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার বা সংস্থা, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিসনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিংয়ের ইঞ্জিনিয়ার দ্বারা প্রত্যয়িত এবং নথিভুক্ত হিসাবে।
  - দায়বদ্ধ পক্ষগণ CDC এবং ASHRAE সুপারিশ অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে 15 বছরের বেশী বয়সী ভবনগুলোর জন্য, যার মধ্যে রয়েছে:
    - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
    - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
    - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
    - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;
    - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
    - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
    - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
    - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালাগুলি খোলা রাখা যতটা সম্ভব, যদি তা প্রযোজ্য হয়;
    - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা

WEAR A MASK. GET TESTED. SAVE LIVES.

- বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- ফেসিলিটিসমূহ যেগুলি উপরে উল্লিখিত ন্যূনতম ফিল্টারেশনের মাত্রা (অর্থাৎ, MERV-13 বা তার বেশি) পরিচালনা করতে পারে না সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষদের অবশ্যই উচিৎ একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার, অথবা কোম্পানি, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ারের দ্বারা প্রত্যয়ন এবং নথিভুক্ত করতে হবে যে বর্তমানে ইনস্টল করা ফিল্টার র্যাকটি উপরে উল্লিখিত ফিল্টারেশনের ন্যূনতম স্তরের (অর্থাৎ MERV-13 বা তার বেশি) সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং/ অথবা এয়ার হ্যান্ডলিং সিস্টেমটি গরম এবং ঠান্ডা করার ন্যূনতম স্তরটি সম্পাদন করতে অক্ষম হবে যা সেটি অন্যথায় COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার আগে করতে সক্ষম হয়েছিল যদি তেমন উচ্চ মাত্রার ফিল্টারেশন (অর্থাৎ MERV-13 বা তার বেশি) ইন্সটল করা থাকে। দায়বদ্ধ পক্ষগুলির এছাড়াও অনুরোধ করা উচিত যে পেশাদার ব্যক্তিটি যেন সংশ্লিষ্ট সরঞ্জাম, শ্রম এবং মূল্যটি নথিভুক্ত করেন যা MERV-13 বা বৃহত্তর স্তরের ফিল্টারেশন পরিচালনার জন্য সিস্টেম আপগ্রেড করার সাথে জড়িত হবে। উপরন্তু, কম ফিল্ট্রেশন রেটে, কিন্তু MERV-11 বা MERV-12 এর কমে নয়, অপারেট করার জন্য দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্টেট বা স্থানীয় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের পর্যালোচনার জন্য এই ধরনের কাগজপত্র রাখতে হবে, অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন কমানোর প্রোটোকল সহ।
  - উপরন্তু, যেসব দায়বদ্ধ পক্ষদের এয়ার হ্যান্ডলিং সিস্টেম সহ ফ্যাসিলিটি আছে যা MERV-13 বা তার বেশি ফিল্টারেশনের রেটিং পূরণ করতে অক্ষম তাদের CDC এবং ASHRAE পরামর্শগুলি অনুযায়ী বাড়তি ভেন্টিলেশন এবং এয়ার ফিল্টারেশন মিটিগেশন প্রোটোকলগুলি গ্রহণ করতে হবে, যার মধ্যে রয়েছে:
    - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
    - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
    - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
    - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;
    - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
    - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
    - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
    - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
